তারিখ ........ 11 MAY 2017
পৃষ্ঠা ৭ ........ কলাম ৪ ........

# বানারীপাড়ায় যে স্কুলে এসএসসি পরীক্ষায় কেউ পাস করেনি!

■ রাহাদ সুমন, বানারীপাড়া (বরিশাল) সংবাদদাতা

বানারীপাড়ায় চাখারের সোনাহার ডব্লিউ এসএম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষায় কেউ পাস করেনি। দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যেখানে শতভাগ শিক্ষার্থী পাসের গৌরব অর্জন করে আলোচিত হয়েছে। সেখানে ঠিক তার উল্টো বানারীপাড়ায় শের-ই বাংলার চাখারের সোনাহার ডব্লিউ এসএম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে। এ বিদ্যালয়ের ৮ জন শিক্ষার্থী চলতি বছর এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে ৮ জনই অকৃতকার্য হয়েছে। এ অঞ্চলে নারী শিক্ষার উন্নয়নে এক সময়ের জরাজীর্ণ এ স্কুলটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করে সরকার। গত ২০১৫-১৬ অর্থ বছরে প্রায় কোটি টাকা (৯৬ লক্ষাধিক) ব্যয়ে আধুনিক দ্বিতল একাডেমিক ভবন নির্মাণ করা হয়। এমপিওভুক্ত এ বিদ্যালয়ে আধুনিক ভবনসহ সরকারি যাবতীয় সুযোগ-সুবিধা ভোগ করার পরেও এ ধরনের ফলাফল হয়েছে।

অভিযোগ রয়েছে বিদ্যালয়টিতে অযোগ্য মেধাহীন শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে। বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সাবেক সহকারী নিয়ন্ত্রক ও বর্তমানে মডেল স্কুল উন্নীতকরণ ডেভেলপমেন্ট প্রজেক্টের সহকারী পরিচালক মিজানুর রহমান ওই স্কুলটির প্রতিষ্ঠাতা ও পরিচালনা পর্ষদের সভাপতি।

এদিকে একজন শিক্ষার্থীও পাস না করায় বরিশাল জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নির্দেশনায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শহিদুল ইসলাম গত সোমবার কেন বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না ৭ দিনের মধ্যে তার জবাব চেয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষককে শোকজ নোটিস দিয়েছেন।

বিদ্যালয়ের এ ফলাফল প্রসঙ্গে প্রধান শিক্ষক কামরুল হাসান সালাম জানান, নিম্ন মাধ্যমিক থেকে মাধ্যমিকে উন্নীত হয়ে এ বছরই এ বিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রথম এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পায়। এর আগে এ বিদ্যালয়ের শিক্ষার্থীদের অন্য বিদ্যালয়ে রেজিস্ট্রেশন করে এসএসসি পরীক্ষায় অংশ নিতে হতো। বিদ্যালয়ে গণিত শিক্ষক না থাকার কারণে ৮ শিক্ষার্থীই গণিত বিষয়ে অকৃতকার্য হয়েছে। এছাড়া একজন শিক্ষার্থী ইংরেজি ও গণিত উভয় বিষয়ে অকৃতকার্য হয়েছে।

বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও পরিচালনা পর্ষদের সভাপতি মিজানুর রহমান ফোন রিসিভ না করায় এ প্রসঙ্গে তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।